



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.২৬

তারিখঃ ০৮/০১/১৯শ্বিঃ

বিষয়ঃ অদক্ষ এবং দায়িত্বহীন মাঠসংগঠকদের কর্মসূচি হতে অব্যাহতি প্রদান সংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০১৮ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে। বর্তমানে প্রকল্পটি আকারে চলমান রয়েছে এবং সম্পূর্ণ নিজস্ব আয় হতে বিদ্যমান কর্মকর্তা-কর্মচারীর বেতনভাতাসহ অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে মর্মে প্রকল্প চলাকালীন সময়ে বারংবার প্রত্যেক কর্মচারীকে তাদের স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালনসহ প্রতি বছর ন্যূনতম ৬০.০০ লক্ষ টাকা বিতরণের নির্দেশনা প্রদান করা হয়। তদপুরি প্রকল্প মেয়াদ সমাপ্তির পরও বিগত ০৬ মাস (জুলাই/১৮ হতে ডিসেম্বর/১৮) বেতন-ভাতার ৫০% ভর্তুকি দেয়া হলেও কতিপয় মাঠসংগঠক তাদের কার্যক্রমের উন্নতি করতে ব্যর্থ হয়েছেন। জানুয়ারী/১৯ থেকে ভর্তুকি দেয়ার সুযোগ নেই। বর্তমান বাস্তবতায় যে সকল মাঠসংগঠক নিজস্ব আয় হতে বেতনভাতা নির্বাহ করতে পারবেন না তাদের দ্বারা সমিতি/সদস্যের টাকা আত্মসাৎ/হস্তমজুদ হওয়ার আশংকা রয়েছে মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান। তাই তাদেরকে কর্মসূচিতে নিয়োজিত না রেখে চাকুরী হতে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদানের বিষয়টি কর্তৃপক্ষের সক্রিয় বিবেচনাধীন।

এমতাবস্থায়, কর্মসূচির ঋণ কার্যক্রমের গতিশীলতা রক্ষা এবং আত্মসাৎ/হস্তমজুদের প্রবণতা বন্ধের ক্ষেত্রে আপনার আওতাধীন মাঠসংগঠক যারা নিজস্ব আয় হতে বেতনভাতা নির্বাহ করতে পারবেন না তাদেরকে কর্মসূচিতে বহাল রাখা অথবা চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করার বিষয়ে আপনার সুচিন্তিত মতামত পত্র জারীর ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচির সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখঃ ০৮/০১/১৯শ্বিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)। (বর্ণিত পত্রের মর্মানুযায়ী আপনার সুচিন্তিত মতামতসহ ইউআরডিও কর্তৃক প্রেরিত পত্র অগ্রায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি/গার্ড ফাইল।

মোহাম্মদ আতিকুর রহমান
উপ-প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০২-৮১৮০১৪৪